দর্শনা শ্যামপুর গ্রামে মোয়াজ্জেম হোসেন কিন্ডার গার্ডেন স্কুলে নতুন বই বিতরণ

দর্শনা শ্যামপুর গ্রামে মোয়াজ্জেম হোসেন কিন্ডার গার্ডেন স্কুলের উদ্বোধন ও নতুন বই বিতরণ করা হয়েছে।

আজ সকাল সাড়ে ৯টায় শ্যামপুর মোয়াজ্জেম হোসেন হাফিজিয়া মাদ্রাসা, এতিমখানা ও লিল্লাহ বোডিং এর আঙ্গিনায় কিন্ডার গার্ডেন স্কুলের উদ্বোধন ও নতুন বই বিতরণ করা হয়।

মাহবুব উল ইসলাম খোকনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতেই কোরন-আন থেকে তেলোয়াত করেন মাদ্রার ছাত্র জুনায়েত হোসেন। মাদ্রাসায় কোরান শিক্ষার পাশাপাশি বাংলা, ইংরাজী, অংক ও সমাজ বিজ্ঞানসহ সকল বিষয়ে শিক্ষা প্রদান করা হবে জানান কর্তৃপক্ষ।

অতিথি হিসাবে অনুষ্ঠানে বক্তব্য হাজী জাহিদুল ইসলাম, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুল কাদের, মাদ্রাসার অধ্যক্ষ মাওঃ হাফিজুর রহমান, হাজী মোঃ হাবিবুল্লা, হালসা কিন্ডার গার্ডেনের শিক্ষক সাইদুর রহমান, মোঃ কামরুজ্জামান যুদ্ধ।

অনুষ্ঠান পরিচালনা করেন শ্যামপুর জামে মসজিদের পেশ ঈমাম মাওঃ জুনায়েত হোসেন।

জীবননগরে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে নতুন বই

বিতরণ

জীবননগর উপজেলায় বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে। উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন বই বিতরণ করা হয়েছে।

সারাদেশের ন্যায় জীবননগর উপজেলার ৭১টি প্রাথমিক, ৩২টি কিন্ডার গার্টেন ও ৭টি এবতেদায়ী মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে ৯৫% ব্ই বিতরণ করা হয়েছে। এছাড়াও উপজেলার মাধ্যমিক পর্যায়ে ২৩টি মাধ্যমিক বিদ্যালয় ও ৭টি মাদ্রসা ও একটি টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থীদের মাঝে নতুন বিতরণ করা হয়েছে।

জীবননগর থানা সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক যাদব কুমারে সভাপতিত্বে বই বিতরণী অনুষ্ঠানে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার আমজাদ হোসেন, উপজেলা মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার সৈয়দ আব্দুল জব্বার, অভিভাবক ও শিক্ষকবৃন্দ।